# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোনঃ ০২২২৩৩৮৮৯৪৯,
০২২২৩৩৫৮৬৮১
ই-মেইলঃ dgmsme@krishibank.org.bd

***ক্রেডিট বিভাগ***

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৮)/সিজিএস/২০২২-২০২৩/ ২৭৪৫ (১২৫০) তারিখঃ ০১/০৩/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ <u>কুটির, মাইক্রো, ও ক্ষুদ্র (CMS) উদ্যোগ খাতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদানের নিমিত্তে ২০২৩ সালের পোর্টফোলিও গ্যারান্টি লিমিট (PGL) নির্ধারণ প্রসঙ্গে।</u>

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয় ঢাকার ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্টের পত্র নং-১৯৬ ও ৭৮, তারিখ যথাক্রমে ১২/০২/২০২৩ ও ০৫/০২/২০২৩ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংক কর্তৃক এসএমইএসপিডি সার্কুলার নং-০৩, তারিখঃ ২৭ জুলাই ২০২০ এবং সিজিডি সার্কুলার নং-০২, তারিখঃ ১০ আগস্ট ২০২২ এর মাধ্যমে যথাক্রমে CMSME খাতে ২০,০০০ (বিশ হাজার) কোটি টাকার আর্থিক সহায়তা প্যাকেজ এবং CMSME খাতে ২৫,০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার প্রাক-অর্থায়ন স্কিমের আওতায় প্রদেয় ঋণের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদান সংক্রান্ত নীতিমালা জারি করা হয়েছে। যা অত্র বিভাগের পত্র নং-২৯৩ ও ৩৮৯, তারিখ যথাক্রমে ১০/০৮/২০২০ ও ১৪/০৮/২০২২ এর মাধ্যমে মাঠ পর্যায়ে জারী করা হয়েছে।

০৩। আলোচ্য স্কীম সমূহের আওতায় অত্র ব্যাংক কর্তৃক বাংলাদেশ ব্যাংকের সাথে অংশগ্রহন চুক্তি সম্পাদন করা হয়েছে। উক্ত চুক্তির প্রেক্ষিতে অত্র ব্যাংক এর জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক জানুয়ারি-ডিসেম্বর/২০২২ মেয়াদে স্কীম সমূহের আওতায় পোর্টফোলিও গ্যারান্টি লিমিট (PGL) নির্ধারণ করা হয়েছিল যার মেয়াদ ইতোমধ্যে অতিক্রান্ত হয়েছে। এ প্রেক্ষিতে, এসএমইএসপিডি সার্কুলার নং-০৩/২০২০ ও সিজিডি সার্কুলার নং-০২/২০২২ এর আওতায় ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদানের নিমিত্তে বাংলাদেশ ব্যাংক কর্তৃক অত্র ব্যাংক এর জন্য ২০২৩ সালের প্রভিশনাল PGL নির্ধারণ করা হয়েছে। যা নিম্নরূপঃ

| স্কীম/প্যাকেজের নাম | প্রভিশনাল PGL | গ্যারান্টির মেয়াদ |
|---|---|---|
| ২০,০০০ (বিশ হাজার) কোটি টাকার প্রণোদনা প্যাকেজ | ৪.০০ কোটি টাকা | জানুয়ারি-জুন/২০২৩ |
| ২৫,০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার প্রাক-অর্থায়ন স্কীম | ৬০.০০ কোটি টাকা | জানুয়ারি-ডিসেম্বর/২০২৩ |

- উল্লেখিত প্যাকেজসমূহে ক্রেডিট গ্যারান্টি স্কীমের আওতায় গ্যারান্টি সুবিধা গ্রহনের লক্ষ্যে যথাযথ উদ্যোক্তা নির্বাচন পূর্বক প্রস্তাব অত্র বিভাগের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করতে হবে। বাংলাদেশ ব্যাংক হতে গ্যারান্টি রেজিস্ট্রেশন প্রাপ্তির পর ঋণ বিতরণের ব্যবস্থা গ্রহন করতে হবে।

০৪। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক ও অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত এ সংক্রান্ত নীতিমালাসমূহ যথাযথ অনুসরণপূর্বক ক্রেডিট গ্যারান্টি স্কীমের আওতায় নির্দেশিত পোর্টফোলিও গ্যারান্টি লিমিট (PGL) অধীন আবেদন অত্র বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯

সংযুক্তিঃ <u>বর্ণনামতে।</u>

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৮)/সিজিএস/২০২২-২০২৩/ ২৭৪৫ (১২৫০) তারিখঃ ঐ

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ</u>

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। ***<u>উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।</u>***
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

(মুহাম্মদ মোশাররফ হোসেন)
<u>সহকারী মহাব্যবস্থাপক</u>

www.bb.org.bd

**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**মতিঝিল, ঢাকা-১০০০**
**বাংলাদেশ**

**ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট**

সূত্র নং:- সিজিডি(সিজিএস-সিএমএস)-৭১৪(০১)/২০২৩-১৯৬ তারিখ: ১২ফেব্রুয়ারি ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

প্রিয় মহোদয়,

CMSME খাতে ২০,০০০ কোটি টাকার প্রণোদনা প্যাকেজের আওতায় প্রদেয় ঋণের বিপরীতে CMS উদ্যোগ খাতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদানের নিমিত্তে ২০২৩ সালের পোর্টফোলিও গ্যারান্টি লিমিট (PGL) নির্ধারণ প্রসঙ্গে।

কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (CMSME) খাতে ২০,০০০ কোটি টাকা প্রণোদনা প্যাকেজের আওতায় কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) উদ্যোগের ঋণের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদানের নিমিত্তে ২৭/০৭/২০২০ তারিখের SMESPD সার্কুলার নং-৩ এর আওতায় অত্র বিভাগের সাথে আপনাদের ব্যাংকের একটি অংশগ্রহণ চুক্তি (Participation Agreement) সম্পাদিত হয়েছে। উক্ত চুক্তির প্রেক্ষিতে আপনাদের ব্যাংকের জন্য জানুয়ারি-ডিসেম্বর/২০২২ মেয়াদে পোর্টফোলিও গ্যারান্টি লিমিট (PGL) নির্ধারণ করা হয় যার মেয়াদ ইতোমধ্যে অতিক্রান্ত হয়েছে।

এ পর্যায়ে, SMESPD সার্কুলার নং-৩/২০২০ এর আওতায় ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদানের নিমিত্তে আপনাদের ব্যাংকের জন্য জানুয়ারি-জুন/২০২৩ মেয়াদে ৪.০০ কোটি টাকা প্রভিশনাল PGL নির্ধারণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(ড. চন্দন কুমার রায়)
যুগ্মপরিচালক
ফোনঃ : ০১৭১৭২৯০৯৩০

বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট (সিজিডি)

সূত্র নংঃ সিজিএস(গ্যারান্টি)-৭১৪(০৮)/রিফাইন্যান্স/পিজিএল/২০২৩-৭৮ তারিখঃ ০৫/০২/২০২৩

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

প্রিয় মহোদয়,

**কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ খাতে ২৫,০০০ কোটি টাকা পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় প্রদেয় ঋণের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদানের নিমিত্তে ২০২৩ সালের প্রভিশনাল পোর্টফোলিও গ্যারান্টি লিমিট (PGL) নির্ধারণ প্রসঙ্গে।**

কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ খাতে ২৫,০০০ কোটি টাকা পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় প্রদেয় ঋণের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদানের নিমিত্তে সিজিডি সার্কুলার নং-০২/২০২২ এর আওতায় বিগত ২৯/০৮/২০২২ তারিখে এ বিভাগের সাথে আপনাদের ব্যাংকের একটি অংশগ্রহণ চুক্তি (Participation Agreement) সম্পাদিত হয়। উক্ত চুক্তির প্রেক্ষিতে সেপ্টেম্বর-ডিসেম্বর ২০২২ মেয়াদে আপনাদের ব্যাংকের জন্য Portfolio Guarantee Limit (PGL) নির্ধারণ করা হয় যার মেয়াদ ইতোমধ্যে অতিক্রান্ত হয়েছে।

এ পর্যায়ে, সিজিডি সার্কুলার নং-০২/২০২২ এর আওতায় ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদানের নিমিত্তে আপনাদের ব্যাংকের জন্য জানুয়ারী - ডিসেম্বর ২০২৩ মেয়াদে **৬০.০০ কোটি টাকা** প্রভিশনাল PGL নির্ধারণ করা হলো। আপনাদের ব্যাংকের জন্য নির্ধারিত উক্ত প্রভিশনাল PGL পূর্ণ বাস্তবায়নের নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ তানজিল হোসেন পলক)
উপ-পরিচালক
ফোনঃ ০১৯১৩৪৮১৬২২